

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)


স্মারক নং-৪৬.০০.০৩০০.০১৭.৯৯.০০১.১৫. ৮-৪

তারিখ : ১৪ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।  
২৭ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় : বান্দরবান জেলার আলীকদম উপজেলাধীন ২ নং চৈক্ষ্যং ইউনিয়ন পরিষদের নতুন কমপ্লেক্স ভবন  
নির্মাণের স্থান নির্বাচনের অনুমতি প্রদান বিষয়ে তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, বান্দরবান কার্যালয়ের পত্র নং-১৪, তারিখ : ১১.০১.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রস্তাবটি নিষ্পত্তির লক্ষ্যে প্রস্তাবিত স্থানটি নদী ভাঙ্গন/বন্যামুক্ত ও উঁচুস্থান কিনা, উক্ত স্থানটি ইউপি'র বিদ্যমান স্থান কিনা উল্লেখপূর্বক প্রস্তাবিত জমির দানপত্র দলিলের মূল/সার্টিফাইড কপি, জমাবন্দি দলিলের মূল/সার্টিফাইড কপি, প্রস্তাবিত জমির অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা চিহ্নিত করে ও দাগ নম্বর স্পষ্ট করে স্কেচম্যাপ (ট্রেসিং পেপারে রঞ্জিন কালিদ্বারা চিহ্নিত করে), সহকারী কমিশনার ভূমি কর্তৃক প্রস্তাবিত জমির বিস্তারিত তফসিল এবং ইউপি সভার সকল সদস্যের স্বাক্ষরিত কার্য-বিবরণীর মূল/সত্যায়িত ছায়ালিপি (উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে) যথাযথভাবে প্রস্তাবের সাথে সংযুক্ত করে পূর্ণাঙ্গ প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
বান্দরবান পার্বত্য জেলা।

অনুলিপি :

সহকারী প্রোগ্রামার,

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।